

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯২৯

আগরতলা, ৩০ নভেম্বর, ২০২৩

খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ
সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে খোয়াই জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন ভারতীয় ফৌজদারি দন্ডবিধি ১৯৭৩-র ১৪৪ ধারায় এক আদেশে খোয়াই জেলার খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই বিধিনিষেধ ১ ডিসেম্বর, ২০২৩ থেকে কার্যকর হবে এবং তা ২৯ জানুয়ারি, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই বিধিনিষেধ প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক, রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, খোয়াই জেলার পুলিশ সুপার এবং খোয়াই মহকুমার মহকুমা শাসকের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী কাজে নিয়োজিত সরকারি কর্মচারীগণ ও অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসি'র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।
